# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Major 2nd Semester Examination, 2024

## BNGDSC202T-BENGALI (MAJOR)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশ করছে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে প্রশ্ন নিয়ে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

**একক - ১**

(ক) ‘‘জপিতে জপিতে নাম অবশ করিল গো
কেমনে পাইব সই তারে॥’’ ২+৮
– কোন পর্যায়ের পদ, পদকর্তা কে ? পদটির ভাব-সৌন্দর্য ও কাব্য-সৌন্দর্য ব্যাখ্যা করো।

**অথবা**

(খ) গোষ্ঠী নিরপেক্ষ গীতিকবিতা হিসাবে বৈষ্ণব পদাবলী আধুনিক কাব্য পাঠকের কাছে আকর্ষণীয় হয়ে উঠেছে – এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

**একক - ২**

(গ) ‘আগমনী’ ও ‘বিজয়া’ পর্যায়ের গানে মাতৃহৃদয়ের যে আকুতির পরিচয় পাওয়া যায়, উদাহরণসহ তা’ লেখো। ১০

**অথবা**

(ঘ) ‘আমায় দেও মা তবিলদারী / আমি, নিমকহারাম নই শঙ্করী’ – পদটিতে শাক্ত তত্ত্বে ঋদ্ধ কবির মানস অভিব্যক্তির প্রকাশ সম্পর্কে লেখো। ১০

**একক - ৩**

(ঙ) কালকেতুর পশুশিকার কাহিনিকে অবলম্বন করে মুকুন্দ চক্রবর্তীর হাস্যরস রসিকতার পরিচয় দাও। ১০

**অথবা**

(চ) মুরারি শীল চরিত্রটি তার পেশা-জীবনকে আশ্রয় করেই উজ্জ্বল হ’য়ে উঠেছে – আলোচনা করো। ১০

**একক - 8**

(ছ) ‘কোন হেতু কৃষ্ণচন্দ্র করে অবতার’ – শ্রীকৃষ্ণের শ্রীচৈতন্য রূপে আবির্ভাবের কী কী কারণ ব্যাখ্যা করেছেন শ্রীশ্রীচৈতন্যভাগবতের রচয়িতা বৃন্দাবন দাস – সে সম্পর্কে লেখো। ১০

**অথবা**

(জ) শ্রীশ্রীচৈতন্যভাগবতের আদিখণ্ডের অনুসরণে শ্রীচৈতন্য মহাপ্রভুর শৈশব-বাল্য-কৈশোর জীবনের পরিচয় দাও। ১০

২। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি অনধিক ১৫০ শব্দ) ৫×২ = ১০

(ক) ‘এ সখি হামারি দুখের নাহি ওর’ – কোন্ পর্যায়ের পদ, পদকর্তা কে ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

(খ) ‘নারীর জনম কেবল যন্ত্রণা সহিতে’ – পদটির রচয়িতা কে ? প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃত কাব্যাংশটিতে বক্তার মনোভাবের পরিচয় দাও। ১+৪

(গ) ‘শাশুড়ী ননদী নাহি নাহি তোর সতা।
কার সঙ্গে দ্বন্দ্ব করি চক্ষু কৈলি রাতা ॥’
– কে, কাকে একথা বলেছে ? কোন্ প্রসঙ্গে বলেছে ? ১+১+৩

(ঘ) ‘নামমাত্র ভেদ কহে হিন্দুরে যবনে।
পরমার্থ এক কহে কোরাণে পুরাণে ॥’
– কে, কাকে একথা বলেছে ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩

——×——